# সংবাদ

তারিখ ... 10 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ......

### কিশোরগঞ্জে প্রাক-প্রাথমিক ওরিয়েন্টেশন

## নকল প্রতিরোধে প্রশ্নপত্র পাঠানো হবে অনলাইনে

প্রতিনিধি, কিশোরগঞ্জ

তৃতীয় পর্যায়ে প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় জেলা পর্যায়ের প্রাক-প্রাথমিক শিক্ষা বিষয়ে কিশোরগঞ্জে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এতে জানানো হয়, দেশের প্রতিটি স্কুলে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। এর জন্য একজন করে প্রশিক্ষিত শিক্ষকের নিয়োগ প্রক্রিয়াও শুরু হয়েছে। এছাড়া নকল প্রবণতা রোধকল্পে পরীক্ষার প্রাক্কালে প্রতিটি জেলায় অনলাইনে প্রশ্নপত্র পাঠানোর উদ্যোগ নেয়া হয়েছে। দেশের পাঁচটি জেলায় পরীক্ষামূলকভাবে অনলাইনে প্রশ্নপত্র পাঠিয়ে পরীক্ষা গ্রহণের নজির তৈরি হয়েছে। এতে ইতিবাচক ফল পাওয়া গেছে। আগামী বছর আরও ১৭টি জেলায় অনলাইনে প্রশ্নপত্র পাঠানো হবে বলে জানানো হয়েছে। এছাড়া ২০১৮ সালে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ৮ম শ্রেণী পর্যন্ত চালু হবে বলেও অনুষ্ঠানে জানানো হয়। এর জন্য জনবল নিয়োগসহ অবকাঠামোগত উন্নয়ন কর্মকাণ্ডও হাতে নেয়া হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. গোলাম মাওলার সভাপতিত্বে গত শনিবার দিনব্যাপী জেলা কালেক্টরেট সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কর্মসূচি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন ঢাকা বিভাগীয় প্রাথমিক শিক্ষার উপ-পরিচালক শাহ সুফী মো. আলী রেজা। এছাড়া বিশেষ অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মোহাম্মদ ভূঁইয়া, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রাক প্রাথমিক শিক্ষা অফিসার মাহফুজুর রহমান জুয়েল, পিটিআই সুপার মো. জামাল উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেন খান, পিটিআই ইনস্ট্রাক্টর লিপিকা মজুমদার, জেলা প্রেসক্লাবের সভাপতি মোস্তফা কামাল প্রমুখ আলোচনায় অংশ নেন। বৈকালিক অনুষ্ঠানে জেলা প্রশাসক জিএসএম জাফরউল্লাহ উপস্থিত ছিলেন।